**SET – 4**

**Series : ONS/1** **Code No. 5/1**

**Roll No.** | | | | | | | |

Candidates must write the Code on the title page of the answer-book.

- Please check that this question paper contains **8** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 Minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer script during this period.

# বাংলা
# BENGALI

সময় : 3 ঘন্টা সর্বোচ্চ অঙ্ক : 85

*Time allowed : 3 Hours* *Maximum Marks : 85*

## SECTION – A (READING)

1. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **1 + 1 + 1 + 1 + 1 = 5**

রান্না খাওয়া ব্যাপারটা বাঙালীর কাছে খুব গুরুত্বপূর্ণ কর্মকাণ্ড । সেই চর্যাপদের সময় থেকেই কাব্যে খাবার সুখের বর্ণনা পাচ্ছি । এত রোমান্টিক রবি ঠাকুর পর্যন্ত “পিঁপিড়া কাঁদিয়া যায় পাতে” লিখে বয়েসকালে আনন্দ পেয়েছেন । বাঙালীর কাছে রান্নাবান্না, খাওয়া-দাওয়াটা খুব জরুরী বলে রান্নাঘরটাও কি খুব জরুরী ? মোটেই নয়, আজকাল পর্যন্ত যে দু’টি ঘর বাঙালীবাড়িতে সবচেয়ে অযত্নে অস্বাস্থ্যকরভাবে তৈরি হয়, তা হল আঁতুড়ঘর আর রান্নাঘর । কেন-না ওদিকে পুরুষদের কোনো কাজ নেই । ঘরগুলিতে শুধু মেয়েদেরই বসবাস । নেহাত মেয়েমহল । ওখানেই যতটা সম্ভব খরচ কমানোর নিয়ম । একচিলতে কুটুরিতে ধূলোময়লা, ইঁদুর আরশোলার মধ্যে গরমে সেদ্ধ হতে হতে বাড়ির গিন্নিবান্নি বউঝিরা সারাদিন ধরে কর্তাদের রসনা পরিতৃপ্তির ব্যবস্থা করতেন । আমাদের দেশে প্রত্যেক বাড়ির রান্নাঘরের চরিত্র আলাদা । বাড়ির গিন্নিই সেই রান্নাঘরের মধ্যমণি । তাঁর নিজের জানার মধ্যেই সেই রান্নাঘরের সব কিছু গুছোনো । গিন্নিদের নিজস্ব চরিত্রের একটা ছাপ থাকে সেই রান্নাঘরে ।

(a) রান্নাখাওয়া ব্যাপারটা বাঙালীরা কী ভাবে দেখে ?

(b) কেন বাঙালীর রান্নাঘর অস্বাস্থ্যকরভাবে তৈরি হয় ?

(c) বাঙালী মহিলারা কীরকম রান্নাঘরে সারাদিন ধরে রান্না করতেন ?

(d) বাঙালীর রান্নাঘরে কীসের ছাপ থাকে ?

(e) 'পাচ্ছি' শব্দটির সাধুরূপ কী হবে ?

2. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **1 + 1 + 1 + 1 + 1 = 5**

পশ্চিমবঙ্গের প্রায় সব জেলাতেই কংসবণিকেরা বসবাস করে থাকেন । বহুমানুষ কাঁসা-পিতলের বংশানুক্রমিক ব্যবসার মধ্যেই জীবনধারণ করেন । বাঁকুড়ার বিষ্ণুপুর, মুর্শিদাবাদের খাগড়া, মেদিনীপুরের ঘাটাল, মনোহরপুর, আজুড়, খড়ার, মহিষাদল, বর্ধমানের বনপাশ, দাঁইহাট, কোনখোলা, হুগলির বাঁশবেড়িয়া, আরামবাগ, নদিয়ার মুড়োগাছা, মতিহারি, নবদ্বীপ প্রভৃতি অঞ্চল থেকে কলকাতার বাজারে কাঁসা-পিতলের বাসনপত্র এসে থাকে । কলকাতার কাঁসারীপাড়ায় কাঁসার চাদরের বাসন তৈরি হয় ।

মুর্শিদাবাদের নবাবি আমল থেকে নবাবদের পৃষ্ঠপোষকতায় বিকশিত হয় হাতির দাঁতের কাজ, শোলা, বালাপোশ, কাঁসা-পিতলের কাজ, শিল্পীদের হাতের কাজ নবাবদের রুচি আর সৌন্দর্যবোধকে তৃপ্ত করত । এই নবাবি আমলেই কংসবণিক সম্প্রদায়ের কিছু মানুষ মুর্শিদাবাদের কান্দী আর খাগড়ায় বসতি স্থাপন করেন । খাগড়াই থালা, বাটি, গ্লাস, কটকী থালা, গোলাপপাতা ডিশ, শঙ্খ পদ্ম ডিশ, চিলমারি বগি তৈরির পাশাপাশি ডিশের উপর বিভিন্ন মূর্তি গড়ে তোলার পারদর্শিতা শিল্পীরা দেখিয়েছেন ।

(a) কংসবণিকরা পশ্চিমবঙ্গের কোথায় বসবাস করে থাকেন ?

(b) কলকাতার বাজারে কাঁসাপিতলের বাসন যেখান থেকে আসে সেরকম দুটি স্থানের নাম লেখ ।

(c) নবাবদের পৃষ্ঠপোষকতায় মুর্শিদাবাদে কোন্ শিল্পের বিকাশ-হয়েছিল ।

(d) কলকাতার কোথায় কাঁসার চাদরের বাসন তৈরি হয় ?

(e) 'কাঁসা-পিতল' কোন সমাস ?

## SECTION – B (GRAMMAR)

3. নীচের ধ্বনিবিজ্ঞানের সূত্রগুলির যে কোন একটির সংজ্ঞা ও দু'টি উদাহরণ লেখ : **3 + 2 = 5**

(a) অপিনিহিতি

(b) অভিশ্রুতি

(c) স্বরভক্তি

4. যে কোন একটি অলঙ্কারের সংজ্ঞা ও তার দু'টি উদাহরণ লেখ : **3 + 2 = 5**

(a) উপমা

(b) শ্লেষ

(c) যমক

**অথবা**

অলংকার নির্ণয় করো এবং অলংকারটির সংজ্ঞা লেখ : (যে কোন **একটি**)

(a) গগনে গরজে মেঘ ঘনবরষা

(b) আনিয়াছে তোর স্বামী বান্ধি নিজ গুণে

(c) অর্থ চাই রজোকোষে আছে ভূরি ভূরি
রাজস্বপ্নে অর্থ নাই যত মাথা খুঁড়ি

(d) ভুতের মতন চেহারা যেমন নির্বোধ অতি ঘোর

5. যে কোনো চারটি বাগ্ধারা/প্রবাদের অর্থ লেখ এবং একটি করে বাক্য রচনা কর : **2 × 4 = 8**

সুখের পায়রা, জিলিপির প্যাঁচ, তাসের ঘর, চক্ষুশূল, হাটে হাঁড়ি ভাঙা, গাছে কাঁঠাল গোঁফে তেল, ভাগের মা গঙ্গা পায় না, ধরি মাছ না ছুঁই পানি ।

## SECTION – C

6. নিচে সংবাদপত্রের একটি প্রতিবেদন তুলে দেওয়া হল । প্রতিবেদনটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **2 + 2 + 2 = 6**

গত দু'তিন বছরের মধ্যে গৃহ ঋনে-র উপর সুদ ১৪/১৫ শতাংশ থেকে সোজা নেমে এসেছে ৮.৫ থেকে ৯.৫ শতাংশের মধ্যে । এর সুফল সরাসরিভাবে ভোগ করছেন অসংখ্য ঋণ-গ্রহীতা, সুদের হার এতটা নেমে আসায় যাঁরা আগে-ঋণের কথা ভাবতেই পারতেন না, তাঁরাও এখন ভাড়া বাড়িতে থাকার বদলে ঋণ-নিয়ে ফ্ল্যাট কেনার সাহস পাচ্ছেন, সুদের হার কম থাকায় কিস্তির টাকা কমেছে । ফলে অনেক ক্ষেত্রেই ভাড়ার টাকায় কিস্তু মেটানো স  ব হচ্ছে । হাতে আসছে বাড়ি বা ফ্ল্যাটের মলিকানা, এই প্রত্যক্ষ লাভ ছাড়াও পরোক্ষভাবে উপকৃত হচ্ছেন আরও অসংখ্য মানুষ, সুদ কম হওয়ায় মধ্যবিত্তদের মধ্যে ফ্ল্যাটের চাহিদা অতি দ্রুত বেড়ে উঠেছে । আগে বেশির ভাগ মানুষ চাকরিজীবনের শেষে জমা টাকা দিয়ে একটি বাড়ি তৈরির স্বপ্ন দেখতেন । এখন মানুষ সহজ শর্তে ঋণে-র দৌলতে চাকরীজীবনের গোড়াতেই চটজলদি ফ্ল্যাট কিনে ফেলছেন ।

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও ।

(b) দু'টি বাক্যে মূল বিষয়টির উপর আলোকপাত কর ।

(c) গৃহঋনের উপর সুদের হার কমে যাওয়াতে কী ঘটছে ?

7. অসুস্থ মায়ের স্বাস্থ্যের খবর নিতে মাকে একটি চিঠি লেখ : **3 + 3 = 6**

**অথবা**

মানুষের জীবনে উৎসবের আবশ্যকতা কোথায় এ বিষয়ে তোমার মত জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ ।

## SECTION – D (Literature)

8. 'একটা কাজ করে দিতে হবে ভাই....... টাকাটা কোনো রিলিফ ফাণ্ডে দিয়ে আসতে হবে ।' **1 + 1 + 3 = 5**

(a) উদ্ধৃত অংশটি কার লেখা, কোন গল্পের থেকে নেওয়া ?

(b) বক্তা কেন একথা বলছেন ?

(c) তারপর কী হয়েছিল ?

**অথবা**

'দাঁতগুলো বের করে সে কামটের মতোই হিংস্র ভঙ্গি করে' ।

(a) উদ্ধৃত অংশটি কার লেখা, কোন গল্প থেকে নেওয়া হয়েছে ?

(b) কে, কার প্রতি এমন ভঙ্গি করেছিল ?

(c) তার এরকম করার কারণ কী ?

**9.** সঠিক উত্তরটি নির্বাচন করো : (MCQ) (যে কোন **পাঁচটি**) **1 × 5 = 5**

(a) 'নদীতে ফেলে দিয়ে এসো ! ঠিক গতি হয়ে যাবে যা হবার' – একথা বলেছেন

(i) ভট্টচাজমশাই

(ii) ন'কড়ি নাপিত

(iii) চৌকিদার

(b) উচ্ছবকে 'বড়োবাড়ি'তে কাজের জন্য এনেছিল

(i) পিসিমা

(ii) বাসিনী

(iii) বড়ো বউ

(c) মৃত্যুঞ্জয়ের ভিখিরীতে রূপান্তরের কারণ

(i) দারিদ্র্য

(ii) আলস্য

(iii) অনাহারজনিত মৃত্যু দর্শন

(d) 'পউষে বাদলা' বলে

(i) ছোটলোকেরা

(ii) বড়লোকেরা

(iii) ভিন্‌দেশী লোকেরা

(e) টুনুর মার স্বাস্থ্য ছিল

(i) খুব ভালো

(ii) দুর্বল

(iii) দোহারা

(f) বাসিনী উচ্ছবকে লুকিয়ে কী খেতে দিয়েছিল ?

(i) ভাত

(ii) মুড়ি

(iii) ছাতু

(g) দুর্ভিক্ষপীড়িত লোকের প্রতি সহানুভূতিতে মৃত্যুঞ্জয়ের আচরণ

(i) অত্যধিক সহানুভূতিশীল যা পাগলামির নামান্তর

(ii) নির্মম, কঠোর যা নিন্দার যোগ্য

(iii) প্রতিশোধ পরায়ণ যা আমাদের ব্যথিত করে

(h) উচ্ছবের ভাতের ডেকচি নিয়ে পালাবার কারণ তার

(i) লোভ

(ii) ক্ষুধা

(iii) চোরস্বভাব

10. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ **5**

'আরোগ্যের জন্য ঐ সবুজের ভীষণ দরকার'

**অথবা**

সত্য যে কঠিন / কঠিনেরে ভালোবাসিলাম

11. আমি কি তাকাব আকাশের দিকে বিধির বিচার চেয়ে ? **1 + 1 + 3 = 5**

(a) কার লেখা, কোন কবিতার উদ্ধৃতি ?

(b) 'বিধি' বলতে কী বোঝানো হয়েছে ?

(c) লেখকের এই উক্তির কারণ কী ?

**অথবা**

গাছগুলো তুলে আনো বাগানে বসাও
আমার দরকার শুধু গাছ দেখা

(a) কার লেখা, কোন কবিতার অন্তর্গত ?

(b) 'বাগানে বসাও' মানে কী ?

(c) ঐ দু'টি লাইনে লেখক কী বলতে চেয়েছেন ?

12. ... তখন কী নামডাকই ছিল আমার ! কী খাতির ! কী প্রতিপত্তি ! **2 + 3 = 5**

(a) কে, কাকে বলেছেন ?

(b) উক্তিটির তাৎপর্য লেখ ।

**অথবা**

"শিল্পকে যে ভালোবেসেছে – তার বার্ধক্য নেই"

(a) কে, কাকে বলেছেন ?

(b) উক্তিটির তাৎপর্য লেখ ।

13. সঠিক উত্তরটি নির্বাচন কর । (MCQ) (যে কোন **পাঁচটি**) **1 × 5 = 5**

(a) অভিনেতা রজনীকান্তের বয়স ছিল
   (i) পঞ্চাশ
   (ii) আটষট্টি
   (iii) ষাট

(b) রজনীকান্ত ঘুমিয়ে পড়েছিলেন
   (i) স্টেজের উপরে
   (ii) গ্রীণরুমে
   (iii) দর্শকের সীটে

(c) প্রম্পটারের নাম ছিল
   (i) রামব্রীজ
   (ii) উমানাথ
   (iii) কালীনাথ

(d) রজনীকান্তের পরনে ছিল যে পোষাক তা
   (i) দিলদারের
   (ii) শাজাহানের
   (iii) ঔরঙ্গজীবের

(e) ‘শাজাহান’ নাটকটির রচয়িতা

(i) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

(ii) রবীন্দ্রনাথ ঠাকুর

(iii) দ্বিজেন্দ্রলাল রায়

(f) ‘আমি বলছি রজনী চাটুজ্জে মরবে না - কিছুতেই না’ উক্তিটি

(i) রজনীকান্তের

(ii) কালীনাথের

(iii) রামব্রীজের

(g) রজনীকান্তের মতে অভিনেতা আসলে কী ?

(i) অস্পৃশ্য ভাঁড়

(ii) বোকা

(iii) বুদ্ধিমান

14. দশবছরে এক এক জন মহামানব / খরচ মেটাত কে ? **2 + 3 = 5**

(a) কার লেখা, কোন্ কবিতার অন্তর্গত ?

(b) এই অংশের তাৎপর্য লেখ ।

**অথবা**

“ভারত জয় করেছিল তরুণ আলেকজান্ডার একলাই না কি ?”

(a) কার লেখা, কোন্ কবিতার অন্তর্গত ?

(b) এই অংশের তাৎপর্য লেখ ।

15. ‘এ অঞ্চলের গারোদের ঘর দূর থেকে দেখলেই চেনা যায়’ । **2 + 3 = 5**

(a) কেমন দেখতে গারোদের ঘর ?

(b) তাদের ঘরের একটি সংক্ষিপ্ত বর্ণনা দাও ।

**অথবা**

(a) নানকার প্রথা কী ?

(b) নানকার প্রজাদের সঙ্গে জমিদাররা কেমন ব্যবহার করত ?

16. সঠিক উত্তরটি বেছে ঠিক কর (MCQ) যে কোন **পাঁচটি** : **$1 \times 5 = 5$**

(a) গোরাচাঁদ মাস্টার ছিলেন :

(i) সন্ত্রাসবাদী

(ii) প্রজাদের নেতা

(iii) জমিদারের কর্মচারী

(b) জেলের ভাষায় ‘ডিগ্রি’ বলা হয় :

(i) জেলার-এর অফিসকে

(ii) ছোট্ট ছোট্ট কুঠুরীকে

(iii) সেপাইদের ব্যারাককে

(c) পঁচিশ-বছর আগে কে কালীঘাটে পৈতে নিয়েছিল

(i) রামদুলাল

(ii) জয়ন্তবাবু

(iii) মোনাঠাকুর

(d) রাজবাড়ির বাজারে মিলিটারী ছাউনীর পাশে লেখক যে জন্তুটা দেখেছিলেন সেটা আসলে ছিল

(i) একটা হিংস্র জন্তু,

(ii) বারো-তেরো বছরের একটি উলঙ্গ ছেলে,

(iii) নোংরা খুঁটে খাওয়া কুকুর ।

(e) ‘চেংমান’ ছিল

(i) একজন বিদেশী লোক

(ii) একজন গারো চাষী

(iii) একজন মহাজন

(f) ‘হাজং’ কথার মানে

(i) পাখি

(ii) সিংহ

(iii) পোকা

(g) তোমরা তাদের দিকে হাত বাড়াও

(i) যারা যুদ্ধ বাধায়

(ii) মাটি থেকে দু’টো হাত ছাড়িয়ে দু’পায়ে উঠে দাঁড়াতে চাইছে

(iii) যারা মানুষকে অনাহারে রাখে

(h) ‘হাতিবেগার’ মানে

(i) জমিদারের হাতিকে দেখাশোনা করা

(ii) জমিদার যখন হাতিশিকারের জঙ্গলে আসবেন তখন সমস্ত প্রজাদের সেই জঙ্গলকে বেড় দিয়ে ঘিরে দাঁড়াবার জবরদস্তি খাটুনী

(iii) হাতির খাবার জোগানো